Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ৫৫

২৭ কার্তিক, ১৪২৭
তারিখ ঃ -----------------------
১২ নভেম্বর, ২০২০

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

**ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় বহিরাগত ও অসদস্য ব্যক্তিদের উপস্থিতি পরিহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এ বিভাগ কর্তৃক ২৬ ডিসেম্বর, ২০১৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং ২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে পরিচালনা পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটির সভায় ব্যাংকের পরিচালকগণ, ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব ব্যতীত অন্য কোন বহিরাগত ব্যক্তি বা শেয়ারহোল্ডারদের উপস্থিতি পরিহারের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছিল। এতদ্ব্যতীত, পর্ষদ বা পর্ষদের সহায়ক কমিটির আহ্বানক্রমে ব্যাংকের কোন কর্মকর্তা তাঁর সংশ্লিষ্ট কোন বিষয় উপস্থাপনকালে উক্ত সভায় উপস্থিত থাকতে পারবেন (পূর্ণ সময়ের জন্য নয়) মর্মেও উক্ত সার্কুলার লেটারে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক এ মর্মে অবহিত হয়েছে যে, উক্ত নির্দেশনা লঙ্ঘন করে কতিপয় ব্যাংকের পরিচালনা পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটির সভায় বহিরাগত ব্যক্তি, ব্যাংকের কর্মকর্তা এবং শেয়ারহোল্ডার উপস্থিত থেকে সভায় অংশগ্রহণ করছেন। ফলে সভাসমূহে আলোচিত গোপনীয় বিষয়াবলী প্রকাশিত হয়ে যাওয়ায় ব্যাংক-কোম্পানীসহ আমানতকারীরা ক্ষতির সম্মুখীন হচ্ছেন।

০৪। সার্বিক বিষয়াবলী বিবেচনায় এ মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, কোন পরিস্থিতিতেই বহিরাগত কোন ব্যক্তি, বিশেষ প্রয়োজনে পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটির সদস্যদের আহ্বান ব্যতিরেকে ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী এবং শেয়ারহোল্ডার পরিচালনা পর্ষদ ও পর্ষদের সহায়ক কমিটির সভায় উপস্থিত থাকতে পারবেন না।

০৫। উক্ত নির্দেশনা পরিপালন নিশ্চিতকল্পে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকগণ পরিচালনা পর্ষদের পরবর্তী সভায় পর্ষদের অবগতির জন্য এ নির্দেশনা উপস্থাপন করবেন।

০৬। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০২৫২